

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
www.thanchi.bandarban.gov.bd

স্মারক নং-০৫.৪২.০৩৯৫.০০০.০৭.০২০.২২- ৫৫২

তারিখ : ০৭/০৮/২০২২ খ্রি:

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”

থানচি উপজেলাধীন ৩নং থানচি ইউপি'র স্মারকনং- থাইউপিকা/গ্রামপুলিশ/২০২২-৮৫০, তারিখ: ২৫/০৭/২০২২ খ্রি: মূলে ০১ ও ০৪নং ওয়ার্ডের মহল্লাদারের পদ শূন্য রয়েছে মর্মে চাহিদাপত্র প্রেরণ করার প্রেক্ষিতে শূন্য পদের বিপরীতে মহল্লাদার নিয়োগের নিমিত্তে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে বান্দরবান পার্বত্য জেলার থানচি উপজেলার নিম্নে উল্লিখিত ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী (নারী/পুরুষ) বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ডের নাম	পদের নাম ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
২.	৩নং থানচি ইউনিয়ন	০১ ও ০৪নং ওয়ার্ড	মহল্লাদার (প্রতি ওয়ার্ডে-০১ জন)	১. কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২. পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : (ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি (খ) বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) , ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)। (গ) ওজন সর্বনিম্ন ৫০ কেজি। ২. মহিলা প্রার্থীর ক্ষেত্রে : (ক) উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট (খ) বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) , ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)। (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

শর্তাবলী

- ১) নিয়োগ প্রাপ্ত মহল্লাদারদের বেতন-ভাতাদি সরকারী বিধি মোতাবেক প্রদান করা হবে।
- ২) প্রার্থীকে অবশ্যই বান্দরবান পার্বত্য জেলাধীন থানচি উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩) আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স : (০৭/০৮/২০২২খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে), (জ) জাতীয়তা (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ঞ) ধর্ম (ট) ইউনিয়ন ও ওয়ার্ড, (ঠ) শিক্ষাগত যোগ্যতা, (ড) মোবাইল নম্বর (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, থানচি, বান্দরবানকে সম্বোধন করে আবেদন আগামী ২৩/০৮/২০২২খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌছাতে হবে।

